



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৩২০০.০১৭.২৭.০০৪.২০২০-৪১

তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন ০১নং লক্ষীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোস্তাফিজুর রহমান বাদল এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত ২০০৩) এর ৯(১)/৩০ ধারায় গাইবান্ধা সদর থানায় দায়েরকৃত মামলা নং-৪৯, তারিখ ২৪/১১/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, গাইবান্ধা বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন ০১নং লক্ষীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোস্তাফিজুর রহমান বাদল এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত ২০০৩) এর ৯(১)/৩০ ধারায় গাইবান্ধা সদর থানায় দায়েরকৃত মামলা নং-৪৯, তারিখ ২৪/১১/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন ০১নং লক্ষীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোস্তাফিজুর রহমান বাদল কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


১৭.০১.২০২১

(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৪.২০২০-৪১

তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মোস্তাফিজুর রহমান বাদল, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ০১নং লক্ষীপুর ইউনিয়ন পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


১৭.০১.২০২১

(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৪.২০২০-৪২

তারিখ: ০৩ মাঘ ১৪২৭
১৭ জানুয়ারি ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মোস্তাফিজুর রহমান বাদল, চেয়ারম্যান, ০১নং লক্ষীপুর ইউনিয়ন পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা-কে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত ২০০৩) এর ৯(১)/৩০ ধারায় গাইবান্ধা সদর থানায় দায়েরকৃত মামলা নং-৪৯, তারিখ ২৪/১১/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় জেলা প্রশাসক, গাইবান্ধা এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৭ জানুয়ারি, ২০২১ তারিখের ৪১ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, গাইবান্ধা এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৭.০১.২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল: up1lgd@gmail.com

জনাব মোস্তাফিজুর রহমান বাদল
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) ০১নং লক্ষীপুর ইউনিয়ন পরিষদ,
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, গাইবান্ধা (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।